



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মাদরাসা পরিদর্শন দপ্তর  
www.iau.edu.bd

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/অধি-নবা/রং-১৪০/২০১৯/১৫৬৯৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

বালাচর নাছিরিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বাগুয়া, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম - এর ফাজিল (স্নাতক) পাস বি.এ/ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ৩০/১১/২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত ৩য় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) পাস বি.এ/ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৬ খ্রি. থেকে ২৬.০৪.২০৩০ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো :

**শর্তসমূহ:**

১. শিক্ষক এবং গভর্নিং বডি'র সদস্যদের সমন্বয়ে একাডেমিক কমিটি গঠন করত শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিতি এবং পাঠদান পর্যবেক্ষণ করে গভর্নিং বডি'র সভাপতি ও সদস্য সচিব বরাবর রিপোর্ট প্রদান করতে হবে।
২. শিক্ষার্থীদের ক্লাসমুখী করতে হবে, সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে।
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি ক্লাসে গাইডবই আনয়ন নিষিদ্ধ করতে হবে।
৪. যুগোপযোগী মানব সম্পদ তৈরীর জন্য কম্পিউটার সমৃদ্ধ লাইব্রেরি স্থাপনরত পড়াশোনার অনুকূল পরিবেশ তৈরি করতে হবে।
৫. বাৎসরিক বাজেট প্রস্তুত করে তা গভর্নিং বডি'র সভায় উপস্থাপন এবং অনুমোদন করতে হবে।
৬. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে এবং প্রশাসনিক ও আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে অনুমোদন করাতে হবে।
৭. ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে।
৮. গভর্নিং বডি কতৃক অডিট কমিটি গঠন করে শতভাগ আর্থিক, একাডেমিক ও প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
৯. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর- এর অনুমোদনক্রমে

  
০৯.০৩.২০২৬

(সোমা আক্তার)

সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

**অধ্যক্ষ**

বালাচর নাছিরিয়া ফাজিল মাদরাসা  
ডাকঘর: বাগুয়া, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ রং-১৪০/২০১৯/১৫৬৯৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৩। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সভাপতি, বালাচর নাছিরিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বাগুয়া, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।
- ৬। অফিস নথি।

  
০৯.০৩.২০২৬

(সোমা আক্তার)

সহকারী মাদরাসা পরিদর্শক  
মোবাইল: ০১৬৭৯-৮৬৮৬৬৩